**পশ্চিমবঙ্গ সরকার**

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর**

**৬৩, জেশপ বিল্ডিং, কোলকাতা - ৭০০০০১**

**সংখ্যা : ২১০০-/পি.এন./পি/III/তিন-এফ্-নয়/ ২০০৬ (পার্ট-১)** **তারিখ:১৪/০৫/২০০৯**

## <u>আদেশনামা</u>

ভারত সরকার সম্প্রতি জাতীয় সামাজিক সহায়তা কর্মসূচীর অন্তর্গত দুটি প্রকল্প চালু করেছেন। প্রকল্প দুটি যথা:-

(১) ইন্দিরা গান্ধী জাতীয় বিধবা ভাতা প্রকল্প (আই.জি.এন.ডব্লু.পি.এস.) এবং
(২) ইন্দিরা গান্ধী জাতীয় প্রতিবন্ধী ভাতা প্রকল্প (আই.জি.এন.ডি.পি.এস.)।

প্রকল্প দুটি রূপায়ণের ৫০ শতাংশ আর্থিক দায়ভার রাজ্য সরকার বহন করবেন।

**ইন্দিরা গান্ধী জাতীয় বিধবা ভাতা প্রকল্প (আই.জি.এন.ডব্লু.পি.এস.):**

(ক) **উদ্দেশ্য:** দারিদ্রসীমার নীচে বসবাসকারী ৪০ বছর থেকে ৬৪ বছর বয়স্ক বিধবা মহিলাদের মাসিক মাথাপিছু ৪০০ (চার শত) টাকা হারে আর্থিক সহায়তা প্রদান। সকল যোগ্য উপভোক্তাদের এই প্রকল্পের অন্তর্ভুক্ত করতে হবে এবং প্রকল্পটির কোন স্তরেই কোন নির্দিষ্ট কোটা নেই।

(খ) উপভোক্তা নির্বাচনের মূল শর্তাবলী:

(১) এই প্রকল্পের ভাতা প্রাপকের বয়স অবশ্যই ৪০ বছর থেকে ৬৪ বছরের মধ্যে হতে হবে।

(২) আবেদনকারীকে অবশ্যই দারিদ্রসীমার নীচে বসবাসকারী পরিবারভুক্ত হতে হবে।

(৩) কোন বিধবা মহিলা পুনরায় বিবাহ * করলে অথবা তাঁর ৬৫ বছর বয়স হলে তিনি এই প্রকল্পের সহায়তা পাবেন না।

*** কোনো বিধবা মহিলা পুনরায় বিবাহ করেছেন সংবাদ পেলে গ্রাম পঞ্চায়েত প্রধান ঐ তথ্য পঞ্চায়েত সমিতির নির্বাহী আধিকারিককে জানাবেন এবং পঞ্চায়েত সমিতির নির্বাহী আধিকারিক ঐ সংবাদের সত্যতা অনুসন্ধান করে এবং ঐ মহিলাকে শুনানির সুযোগ দিয়ে তাঁর বিধবা ভাতা বাতিল করবেন বা বহাল রাখবেন।**

(৪) আবেদনকারীকে অবশ্যই তার স্বামীর মৃত্যু নথিভুক্তকরণের শংসা পত্র আবেদন পত্রের (সংশ্লিষ্ট ফরমাট পরিশিষ্ট -২) সঙ্গে দাখিল করতে হবে।

(৫) আবেদনকারীর বয়স নির্ধারণের জন্য আবেদনকারীর কোষ্ঠী বা ঠিকুজি/ জন্মনিবন্ধীকরণের শংসা পত্র/ বিদ্যালয় ত্যাগের শংসা পত্র/ গ্রাম পঞ্চায়েতের প্রধান/ সংশ্লিষ্ট সদস্য কর্তৃক প্রদেয় বয়স সংক্রান্ত শংসা পত্র গ্রহণযোগ্য হবে।

(৬) আবেদনকারীকে আবেদনপত্রের সঙ্গে তার ব্যাঙ্ক / পোস্ট অফিস অ্যাকাউন্টের প্রত্যয়িত নকল দাখিল করতে হবে।

(৭) উপভোক্তাকে কেবলমাত্র তার ব্যাঙ্ক/ পোস্ট অফিস অ্যাকাউন্ট মারফৎ ভাতা প্রদান করতে হবে।

(৮) চিহ্নিত যোগ্য উপভোক্তাদের নামের তালিকা ভারত সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রকের ওয়েবসাইটে Upload না করে কোন ভাতা বিলি করা যাবে না।

**উপভোক্তা নির্বাচনের পদ্ধতি:**

(১) দারিদ্রসীমার নীচে অবস্থানকারী পরিবার সমীক্ষা সংক্রান্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতি গ্রাম সংসদ ভিত্তিক ৪০ বছর থেকে ৬৪ বছর বয়স্ক মহিলাদের নামের তালিকা প্রস্তুত করবেন (সংশ্লিষ্ট ফরমাট পরিশিষ্ট -১)।

(২) গ্রাম পঞ্চায়েত কর্মচারীদের দ্বারা উক্ত নামের তালিকায় বর্ণিত তথ্যের সত্যতা অনুসন্ধান করে যাচাইয়ের জন্য উক্ত নামের তালিকা গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৩) গ্রাম পঞ্চায়েতের নির্বাহী সহায়ক, সচিব এবং সহায়ককে (গ্রাম পঞ্চায়েত কর্মী ব্যতীত) উক্ত অনুসন্ধানের কাজে লাগাতে হবে।

৪) তদন্তকারি গ্রাম পঞ্চায়েত কর্মচারী তালিকাভুক্ত মহিলাদের বিবাহ সংক্রান্ত ও অন্যান্য সংশ্লিষ্ট তথ্যের সত্যতা যাচাই করবেন এবং বিধবা মহিলাদের নামের তালিকা গ্রাম পঞ্চায়েতে দাখিল করবেন।

৫) অনুসন্ধানকারী কর্মচারী আবেদনকারীর কাছ থেকে আবেদনপত্র (সংশ্লিষ্ট ফরম্যাট পরিশিষ্ট - '২') ও প্রয়োজনীয় নথি সংগ্রহ করবেন।

(৬) সংসদভিত্তিক অনুসন্ধান প্রতিবেদনগুলি এবং নামের তালিকা গ্রাম পঞ্চায়েত সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির কার্য্যালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করবেন।

(৭) গ্রাম পঞ্চায়েতকে সার্বিক প্রকল্পভুক্তি (Universal Coverage) সংক্রান্ত শংসা পত্র (সংশ্লিষ্ট ফরম্যাট পরিশিষ্ট-৩) পঞ্চায়েত সমিতির কার্য্যালয়ে জমা দিতে হবে।

(৮) গ্রাম পঞ্চায়েত থেকে নামের তালিকা পাবার ৭ (সাত) দিনের মধ্যে আবেদনকারী আবেদনপত্র ও অন্যান্য নথি পর্যবেক্ষণ করে পঞ্চায়েত সমিতি যোগ্য উপভোক্তাদের অনুমোদন দেবেন অন্যথায় নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে সংশোধনের জন্য গ্রাম পঞ্চায়েতে ফেরৎ পাঠাবেন।

(৯) প্রকল্পের শর্তাবলী পূরণ না করলে আবেদনকারীর আবেদনপত্র বাতিল হবে।

(১০) গ্রাম পঞ্চায়েত থেকে পাঠানো নামের তালিকার সত্যতা যাচাই প্রয়োজনবোধে পঞ্চায়েত সমিতি পুনরায় করতে পারবেন।

(১১) প্রয়োজনবোধে পঞ্চায়েত সমিতির নির্বাহী আধিকারিক পঞ্চায়েত সমিতির সভাপতির অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট নামের তালিকার অনুমোদন দেবেন এবং তা পঞ্চায়েত সমিতির শিশু ও নারী উন্নয়ন জনকল্যাণ ও ত্রাণ স্থায়ী সমিতির পরবর্তী সভায় অনুমোদন করতে হবে।

(১২) সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতি যোগ্য উপভোক্তাদের নামের তালিকা চূড়ান্তকরণের পর তা পি.ডি.এফ. ফাইলে জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিকের কার্য্যালয়ে জমা দেবেন। এছাড়াও লিগ্যাসী ডেটা তৈরী করেও জমা দিতে হবে।

(১৩) পঞ্চায়েত সমিতিকে সার্বিক প্রকল্পভুক্তি (Universal Coverage) সংক্রান্ত শংসা পত্র (সংশ্লিষ্ট ফরম্যাট পরিশিষ্ট-৩ ) জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিকের কাছে জমা দিতে হবে।

(১৪) ভারত সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রকের ওয়েবসাইটে Upload করার জন্য উপভোক্তাদের নামের তালিকা ও অন্যান্য তথ্যভান্ডার (Database) এবং জেলা শাসকের স্বাক্ষর সম্বলিত সার্বিক প্রকল্পভুক্তি (Universal Coverage) সংক্রান্ত শংসা পত্র জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক পি.ডি.এফ. ফাইলে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরে জমা দেবেন।

**ভাতার পরিমাণ ও প্রদান সংক্রান্ত:**

(১) ভাতার পরিমাণ উপভোক্তা পিছু মাসিক ৪০০.০০ (চারশত টাকা)।

(২) উপভোক্তাকে কেবলমাত্র তাঁর ব্যাঙ্ক/ পোস্ট অফিস অ্যাকাউন্ট মারফৎ ভাতা প্রদান করতে হবে।

(৩) জাতীয়কৃত ব্যাঙ্ক / কো-অপারেটিভ ব্যাঙ্ক/ গ্রামীণ ব্যাঙ্ক - এ উপভোক্তাগণ তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলতে পারবেন।

**ইন্দিরা গান্ধী জাতীয় প্রতিবন্ধী ভাতা প্রকল্প (আই.জি.এন.ডি.পি.এস.)**

(ক) **উদ্দেশ্য:** দারিদ্রসীমার নীচে বসবাসকারী ১৮ বছর থেকে ৬৪ বছর বয়স্ক গুরুতর প্রতিবন্ধকতা যুক্ত ব্যক্তির (৮০ শতাংশের উপর প্রতিবন্ধকতা) অথবা বহুমাত্রিক/ একাধিক প্রতিবন্ধকতা যুক্ত (একাধিক ধরনের প্রতিবন্ধকতা যার প্রতি ধরনের প্রতিবন্ধকতা অন্ততঃ ৪০ শতাংশের বেশী পর্যন্ত অর্থাৎ মোট প্রতিবন্ধকতা ৮০ শতাংশের চেয়ে বেশী) ব্যক্তিদের মাথা পিছু মাসিক ৪০০ (চার শত) টাকা হারে আর্থিক সহায়তা প্রদান। মহিলা এবং পুরুষ উভয়েই এই প্রকল্পের আওতাভুক্ত হতে পারবেন। সকল যোগ্য উপভোক্তাদের এই প্রকল্পের অন্তর্ভুক্ত করতে হবে এবং প্রকল্পটির কোন স্তরেই কোন নির্দিষ্ট কোটা নেই।

(খ) **উপভোক্তা নির্বাচনের মূল শর্তাবলী:**

(১) এই প্রকল্পের ভাতা প্রাপকের বয়স অবশ্যই ১৮ বছর থেকে ৬৪ বছরের মধ্যে হতে হবে।

(২) আবেদনকারীকে অবশ্যই দারিদ্রসীমার নীচে বসবাসকারী পরিবারভুক্ত হতে হবে।

(৩) আবেদনকারীকে গুরুতর প্রতিবন্ধকতা যুক্ত (৮০ শতাংশের উপর প্রতিবন্ধকতা) অথবা বহুমাত্রিক/ একাধিক প্রতিবন্ধকতা যুক্ত (একাধিক ধরনের প্রতিবন্ধকতা যার প্রতি ধরনের প্রতিবন্ধকতা অন্ততঃ ৪০ শতাংশের বেশী পর্যন্ত অর্থাৎ মোট প্রতিবন্ধকতা ৮০ শতাংশের চেয়ে বেশী) হতে হবে।

(৪) ৬৫ বছর বয়স্ক ব্যক্তি এই প্রকল্পের সহায়তা পাবেন না।

(৫) আবেদনকারীর বয়স নির্ধারণের জন্য আবেদনকারীর কোষ্ঠী বা ঠিকুজি/ জন্মনিবন্ধীকরণের শংসা পত্র/ বিদ্যালয় ত্যাগের শংসা পত্র/ গ্রাম পঞ্চায়েতের প্রধান/ সংশ্লিষ্ট সদস্য কর্তৃক প্রদেয় বয়স সংক্রান্ত শংসা পত্র গ্রহণযোগ্য হবে।

(৬) সমাজকল্যাণ দপ্তর কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধকতার শংসা পত্রের প্রত্যয়িত নকল আবেদনকারীকে তার আবেদনপত্রের সঙ্গে অবশ্যই দাখিল করতে হবে।

(৬) আবেদনকারীকে আবেদনপত্রের সঙ্গে তার ব্যাঙ্ক / পোস্ট অফিস অ্যাকাউন্টের প্রত্যয়িত নকল দাখিল করতে হবে।

(৭) উপভোক্তাকে কেবলমাত্র তার ব্যাঙ্ক/ পোস্ট অফিস অ্যাকাউন্ট মারফৎ ভাতা প্রদান করতে হবে।

(৮) চিহ্নিত যোগ্য উপভোক্তাদের নামের তালিকা ভারত সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রকের ওয়েবসাইটে Upload না করে কোন ভাতা বিলি করা যাবে না।

**উপভোক্তা নির্বাচনের পদ্ধতি:**

(১) দারিদ্রসীমার নীচে অবস্থানকারী পরিবার সমীক্ষা সংক্রান্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতি গ্রাম সংসদ ভিত্তিক ১৮ বছর থেকে ৬৪ বছর বয়স্ক ব্যক্তিদের নামের তালিকা (সংশ্লিষ্ট ফরমাট পরিশিষ্ট-১) প্রস্তুত করবেন এবং প্রয়োজনীয় অনুসন্ধানের জন্য তার গ্রাম পঞ্চায়েত কার্য্যালয়ে প্রেরণ করবেন।

(২) গ্রাম পঞ্চায়েত কর্মচারীগণ যথা: নির্বাহী সহায়ক, সচিব এবং সহায়ক (গ্রাম পঞ্চায়েত কর্মী ব্যতীত) উক্ত অনুসন্ধানের কাজে লাগাতে হবে।

(৩) উক্ত নামের তালিকাভুক্ত ব্যক্তিদের গুরুতর / বহুমাত্রিক প্রতিবন্ধকতা সংক্রান্ত বিষয়ে অনুসন্ধান করবেন এবং সেই নামের তালিকা প্রস্তুত করে গ্রাম পঞ্চায়েত কার্য্যালয়ে দাখিল করবেন।

(৪) অনুসন্ধানকারী কর্মচারী আবেদনকারীর কাছ থেকে আবেদনপত্র (সংশ্লিষ্ট ফরম্যাট পরিশিষ্ট - '৪') ও প্রয়োজনীয় নথি সংগ্রহ করবেন।

(৫) সংসদভিত্তিক অনুসন্ধান প্রতিবেদনগুলি এবং নামের তালিকা গ্রাম পঞ্চায়েত সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির কার্য্যালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করবেন।

(৬) গ্রাম পঞ্চায়েতকে সার্বিক প্রকল্পভুক্তি (Universal Coverage) সংক্রান্ত শংসা পত্র (সংশ্লিষ্ট ফরম্যাট পরিশিষ্ট-৩) পঞ্চায়েত সমিতির কার্য্যালয়ে জমা দিতে হবে।

(৭) গ্রাম পঞ্চায়েত থেকে নামের তালিকা পাবার ৭ (সাত) দিনের মধ্যে আবেদনকারী আবেদনপত্র ও অন্যান্য নথি পর্যবেক্ষণ করে পঞ্চায়েত সমিতি যোগ্য উপভোক্তাদের অনুমোদন দেবেন অন্যথায় নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে তা সংশোধনের জন্য গ্রাম পঞ্চায়েতে ফেরৎ পাঠাবেন।

(৮) প্রকল্পের শর্তাবলী পূরণ না করলে আবেদনকারীর আবেদনপত্র বাতিল হবে।

(৯) গ্রাম পঞ্চায়েত থেকে পাঠানো নামের তালিকার সত্যতা যাচাই প্রয়োজনবোধে পঞ্চায়েত সমিতি পুনরায় করতে পারবেন।

(১০) প্রয়োজনবোধে পঞ্চায়েত সমিতির নির্বাহী আধিকারিক পঞ্চায়েত সমিতির সভাপতির অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট নামের তালিকার অনুমোদন দেবেন এবং তা পঞ্চায়েত সমিতির শিশু ও নারী উন্নয়ন জনকল্যাণ ও ত্রাণ স্থায়ী সমিতির পরবর্তী সভায় অনুমোদন করতে হবে।

(১১) সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতি যোগ্য উপভোক্তাদের নামের তালিকা চূড়ান্তকরণের পর তা পি.ডি.এফ. ফাইলে জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিকের কার্য্যালয়ে জমা দেবেন এবং এছাড়াও লিগ্যাসী ডেটা তৈরী করেও জমা দিতে হবে।

(১২) পঞ্চায়েত সমিতিকে সার্বিক প্রকল্পভুক্তি (Universal Coverage) সংক্রান্ত শংসা পত্র (সংশ্লিষ্ট ফরম্যাট পরিশিষ্ট-৩) জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিকের জমা দিতে হবে।

(১৩) ভারত সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রকের ওয়েবসাইটে Upload করার জন্য উপভোক্তাদের নামের তালিকা ও অন্যান্য তথ্যভান্ডার (Database) এবং জেলা শাসকের স্বাক্ষর সম্বলিত সার্বিক প্রকল্পভুক্তি (Universal Coverage) সংক্রান্ত শংসা পত্র জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক পি.ডি.এফ. ফাইলে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরে জমা দেবেন।

**ভাতার পরিমাণ ও প্রদান সংক্রান্ত:**

(১) ভাতার পরিমাণ উপভোক্তা পিছু মাসিক ৪০০.০০ (চারশত টাকা)।

(২) উপভোক্তাকে কেবলমাত্র তাঁর ব্যাঙ্ক/ পোস্ট অফিস অ্যাকাউন্ট মারফৎ ভাতা প্রদান করতে হবে।

(৩) জাতীয়কৃত ব্যাঙ্ক / কো-অপারেটিভ ব্যাঙ্ক/ গ্রামীণ ব্যাঙ্ক - এ উপভোক্তাগণ তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলতে পারবেন।

(৪) প্রয়োজনবোধে যে ব্যক্তি (উপভোক্তার সঙ্গে রক্তের সম্পর্ক যুক্ত) সংশ্লিষ্ট প্রতিবন্ধী ব্যক্তির দেখভাল করেন, তার সঙ্গে উপভোক্তা যুগ্মভাবে ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলতে পারবেন।

যদিও প্রকল্পটি ফেব্রুয়ারী, ২০০৯ এ চালু হয়েছে এবং সাম্প্রতিক লোকসভা নির্বাচন ইত্যাদি বিষয়ের জন্য বেশ কিছু সময় অতিবাহিত হয়েছে, সেই কারণে এই অল্প সময়ের মধ্যে পূর্ববর্ণিত কাজগুলি নিম্নলিখিত সময়পুঞ্জী অনুসারে সম্পূর্ণ করতে হবে।

**সময়পঞ্জী**

| ক্রমিক সংখ্যা | কাজের ধরন | কাজটি করতে হবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্বারা | কাজটি সম্পূর্ণ করতে হবে (সময়ের মধ্যে) |
|---|---|---|---|
| ১ | গ্রাম সংসদ ভিত্তিক নামের তালিকা প্রস্তুতকরণ | বি.ডি.ও./ নির্বাহী আধিকারিক, পঞ্চায়েত সমিতি | ২৫.৫.২০০৯ |
| ২. | অনুসন্ধান সংক্রান্ত কাজ সম্পূর্ণ করতে হবে | গ্রাম পঞ্চায়েত কর্মচারী (জি.পি. কর্মী ব্যতীত) দ্বারা | ২০.৬.২০০৯ |
| ৩. | চিহ্নিত ব্যক্তিদের নামের তালিকা পঞ্চায়েত সমিতির কার্য্যালয়ে অনুমোদনের জন্য প্রেরণ | গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষ | ২৫.৬.২০০৯ |
| ৪. | যোগ্য উপভোক্তাদের নামের তালিকার অনুমোদন | বি.ডি.ও./ নির্বাহী আধিকারিক, পঞ্চায়েত সমিতি | ৫.৭.২০০৯ |
| ৫. | জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিকের কার্য্যালয়ে অনুমোদিত তালিকা পি.ডি.এফ. ফাইলে দাখিল | বি.ডি.ও./ নির্বাহী আধিকারিক, পঞ্চায়েত সমিতি | ২০.৭.২০০৯ |
| ৬. | পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরে অনুমোদিত তালিকা পি.ডি.এফ. ফাইলে দাখিল | জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক | ২৫.৭.২০০৯ |
| ৭. | সার্বিক প্রকল্পভুক্তি (Universal Coverage) সংক্রান্ত শংসা পত্র প্রদান | জেলা শাসক | ২৫.৭.২০০৯ |

প্রধান সচিব
পশ্চিমবঙ্গ সরকার

**সংখ্যা : ২১০০/পি.এন./পি/III/তিন-এফ্-নয়/ ২০০৬ (পার্ট-১)** **তারিখ: ১৪/০৫/২০০৯**

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল:

(১) কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ।

(২) সভাধিপতি, ..........................................................জেলা পরিষদ (সকল)।

(৩) জেলা শাসক, ......................................................................জেলা (সকল)।

(৪) অতিরিক্ত জেলা শাসক (পঞ্চায়েত)....................................................জেলা (সকল)।

(৫) মহকুমা শাসক, .........................................মহকুমা (সকল)।

(৬) সমষ্টি উন্নয়ন আধিকারিক/নির্বাহী আধিকারিক, .........................................................ব্লক (সকল)।

(৭) প্রধান,........................................................গ্রাম পঞ্চায়েত (সকল)।

প্রধান সচিব
পশ্চিবঙ্গ সরকার

**District:Murshidabad**
**Gram Panchayat:Bhasaipaikar**

**Block:Samserganj**
**Sansad:XV**

| Sl.No | RHS ID | Head of Family | Name of Beneficiary | Father's/ Husband's Name | Name of the village | Score | Disability Status: Disability Percentage: Disability 1 | Disability 2 | Disability Code (*) | Widow/ Deserted (**) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | WB-12-024-001-015/36076 | ABDUL KHABIR | | | ADETNAGAR | 30 | | | | |
| 2 | WB-12-024-001-015/36077 | KALU SK | | | ADETNAGAR | 29 | | | | |
| 3 | WB-12-024-001-015/36078 | LIYAKAT ALI | | | ADETNAGAR | 26 | | | | |
| 4 | WB-12-024-001-015/36079 | ESHAHAK | | | ADETNAGAR | 28 | | | | |
| 5 | WB-12-024-001-015/36080 | RAHEJUL | | | ADETNAGAR | 24 | | | | |
| 6 | WB-12-024-001-015/36081 | BAKERA BEWA | | | ADETNAGAR | 22 | | | | |
| 7 | WB-12-024-001-015/36082 | MABIUL SK | | | ADETNAGAR | 26 | | | | |
| 8 | WB-12-024-001-015/36083 | MUZED SK | | | ADETNAGAR | 26 | | | | |
| 9 | WB-12-024-001-015/36084 | MAHIRUDDIN | | | ADETNAGAR | 27 | | | | |
| 10 | WB-12-024-001-015/36085 | JIYARUL SK | | | ADETNAGAR | 26 | | | | |
| 11 | WB-12-024-001-015/36086 | HOQUE | | | ADETNAGAR | 26 | | | | |
| | WB-12-024-001-015/36087 | HAIUL SK | | | ADETNAGAR | 26 | | | | |

| * Disability Code | Disability Name |
|---|---|
| LC | Locomotive / Orthopaedic |
| VI | Visually Impaired |
| HS | Hearing / Speech |
| MD | Mental Disability |
| CP | Cerebral Palsy |
| MR | Mentally Retarded |
| MI | Mental Illness |
| OT | Others |

** W for Widow
D for Deserted

**Signature of official**

**Name (in capital letter )**

**Designation**

(সংশ্লিষ্ট ফরমাট পরিশিষ্ট -২)

# ইন্দিরা গান্ধী জাতীয় বিধবাভাতার জন্য আবেদন পত্র

প্রতি
নির্বাহী আধিকারিক
......................................................................পঞ্চায়েত সমিতি
......................................................................জেলা

আপনার পাসপোর্ট আকারের ছবি লাগান

মহাশয়/মহাশয়া,

আমি এই ব্লকের একজন বাসিন্দা। আমি একজন বিধবা। আমার পরিবার বি.পি.এল. তালিকাভুক্ত। আমার বিশদ বিবরণ নীচে দেওয়া হ’ল।

আমার নামে বিধবা ভাতার অনুমোদন করা হলে বাধিত হব। আমার স্বামীর মৃত্যু নথিভুক্তিকরণের শংসা পত্রের নকল সংযোজিত হ’ল।

**বিশদ বিবরণ**

১) নাম :

২) পরিবারের কর্তার নাম :

৩) পিতা/স্বামীর নাম :

৪) তপশীলি জাতি/উপজাতি/ অনগ্রসর শ্রেণীভুক্ত কি না? :
(হ্যাঁ/ না যেটি প্রযোজ্য, সেটি লিখুন)

৪) ক) হ্যাঁ হলে কোন সম্প্রদায়ভুক্ত? :

৫) সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত কি না? :
(হ্যাঁ/ না যেটি প্রযোজ্য, সেটি লিখুন)

৬) RHS ID :

৭) গ্রাম :

৮) মৌজা :

৯) গ্রাম পঞ্চায়েত :

১০) ০১.০১.২০০৯ সালে বয়স :

১১) স্বামীর মৃত্যুর দিন/মাস/বছর :

১২) আবেদনকারীর কোনও বাণিজ্যিক ব্যাংক/পোস্ট অফিস সঞ্চয় আমানতে অ্যাকাউন্ট আছে কি না, যদি থাকে তাহলে ব্যাঙ্কের /পোস্ট অফিসের নাম এবং তার অ্যাকাউন্ট নম্বর ও ঠিকানা:

আবেদনকারীর স্বাক্ষর / টিপসই

***Annexure -III***

**CERTIFICATE OF UNIVERSAL COVERAGE UNDER INDIRA GANDHI NATIONAL WIDOW PENSION SCHEME (IGNWPS)**

This is to certify that all widows of 40 - 64 years and belonging to a household Below the Poverty Line (BPL) in rural areas in the ………………………………**Gram Panchayat /…………………………Panchayat Samity/District of ………………………………….. (Name of the District) have been covered under IGNWPS.

It is also confirmed that for the purpose of identifying new eligible beneficiaries under IGNWPS, the BPL list 2002 has been followed for rural areas.

Signature
Pradhan
………………………Gram Panchayat
Executive Officer
…………………………Panchayat Samity
District Magistrate
………………………………

(As the case may be)

**** Strike out whichever is not applicable**

(সংশ্লিষ্ট ফরমাট পরিশিষ্ট -৪)

# ইন্দিরা গান্ধী জাতীয় প্রতিবন্ধী ভাতার জন্য আবেদন পত্র

প্রতি
নির্বাহী আধিকারিক
.......................................................................পঞ্চায়েত সমিতি
.......................................................................জেলা

আপনার পাসপোর্ট আকারের ছবি লাগান

মহাশয়/মহাশয়া,

আমি এই ব্লকের একজন বাসিন্দা। আমি একজন প্রতিবন্ধী। আমার পরিবার বি.পি.এল. তালিকাভুক্ত। আমার বিশদ বিবরণ নীচে দেওয়া হ'ল।

আমার নামে প্রতিবন্ধী ভাতার অনুমোদন করা হলে বাধিত হব। আমার প্রতিবন্ধকতা সংক্রান্ত শংসাপত্রের নকল সংযোজিত হ'ল।

## বিশদ বিবরণ

১) নাম :
২) লিঙ্গ (স্ত্রী/পুরুষ - যেটি প্রযোজ্য সেটি লিখুন) :
৩) পরিবারের কর্তার নাম :
৪) পিতা/স্বামীর নাম :
৫) তপশীলি জাতি/উপজাতি/ অনগ্রসর শ্রেণীভুক্ত কি না? :
(যেটি প্রযোজ্য, সেটি লিখুন)
৫) ক) হ্যাঁ হলে কোন সম্প্রদায়ভুক্ত? :
৬) সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত কি না? :
(হ্যাঁ/ না লিখুন)
৭) RHS ID :
৮) গ্রাম :
৯) মৌজা :
১০) গ্রাম পঞ্চায়েত :
১১) ০১.০১.২০০৯ সালে বয়স :

প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে
প্রতিবন্ধকতার (দরখাস্তকারীর প্রতিবন্ধকতা ৮০ শতাংশের বেশী হলে, তিনি প্রতিবন্ধী ভাতা পাওয়ার উপযুক্ত বলে বিবেচিত হবেন।)
ধরন (সঠিক জায়গায় টিক দিন ও কত শতাংশ লিখুন) :

| ধরন | শতাংশ |
|---|---|
| অস্থি বা হাড় সংক্রান্ত | |
| দৃষ্টি ও চোখ সংক্রান্ত | |
| মূক ও বধির | |
| মানসিক প্রতিবন্ধী | |
| স্নায়বিক | |
| মানসিক প্রতিবন্ধকতা | |
| মানসিক রোগগ্রস্ততা | |
| অন্যান্য | |

আবেদনকারীর কোনও বাণিজ্যিক ব্যাংক/পোস্ট অফিস সঞ্চয় আমানতে অ্যাকাউন্ট আছে কি না, যদি থাকে তাহলে ব্যাঙ্কের /পোস্ট অফিসের নাম এবং তার অ্যাকাউন্ট নম্বর ও ঠিকানা:

আবেদনকারীর স্বাক্ষর / টিপসই

***Annexure -V***

**CERTIFICATE OF UNIVERSAL COVERAGE UNDER INDIRA GANDHI NATIONAL DISABILITY PENSION SCHEME (IGNDPS)**

This is to certify that all persons of 18 - 64 years with severe disability or multiple disability and belonging to a household Below the Poverty Line (BPL) in rural areas in the ………………………………**Gram Panchayat/…………………………….. Panchayat Samity / District of ……………………………………………….. (Name of the District) have been covered under IGNDPS.

It is also confirmed that for the purpose of identifying new eligible beneficiaries under IGNDPS, the BPL list 2002 has been followed for rural areas.

Signature
Pradhan
………………………Gram Panchayat
Executive Officer
…………………………Panchayat Samity
District Magistrate
………………………………

(as the case may be)
**** Strike out whichever is not applicable**